



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়:- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদসমূহের নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

১। আইন অনুষদ

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
উচ্চমান সহকারী টাঃ ১১,০০০-২৬,৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে প্রশাসনিক/সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

২। ক্রিমিনোলজি বিভাগ

গ্রন্থাগার সহকারী টাঃ ৯,৭০০-২৩,৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনায় ডিপ্লোমাহারী হতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কমপক্ষে ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
--	----------	---

৩। প্রধান প্রকৌশলীর দপ্তর

(ক) ইলেকট্রিক মিস্ত্রি টাঃ ৯,৩০০-২২,৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে সরকার অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদী ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশসহ বৈদ্যুতিক কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। মাস্টার রোল কর্মচারীদের অথবা বৈদ্যুতিক সাব-স্টেশন, জেনারেটর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। তবে মাস্টার রোল-এ কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।
(ক) ইলেকট্রিক কাম সুয়ারেজ মিস্ত্রি টাঃ ৯,৩০০-২২,৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে সরকার অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদী ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশসহ বৈদ্যুতিক ও প্লাস্টিং কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৪ ইঞ্চি ও ৬ ইঞ্চি ডায়া পানির পাইপ এবং সাবমারসিবল পাম্পের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। তবে মাস্টার রোল-এ কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদনপত্র আগামী ০৫-০১-২০২৩ খ্রিস্টাব্দ/২১-০৯-১৪২৯ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র ডিন, আইন অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র চেয়ারম্যান, ক্রিমিনোলজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌছাতে হবে।

চাকরির প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।